

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
[ আইন-১ অধিশাখা ]  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫১৪.২০১৭- ২৫৪৬

তারিখ ৩ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ রীট পিটিশন নং-১৪৫৯২/২০১৭ [ পিটিশনার মোঃ হয়রত আলী মন্ডল, পিতা-মৃত করিম বক্স মন্ডল, গ্রাম-সরুগ্রাম, উপজেলা-ধুনট, জেলা-বগুড়া ও অন্যান্য ৪ জন বনাম সরকার ও অন্যান্য] এর বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ২০.১১.২০১৭ খ্রিঃ তারিখে প্রেরিত কলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার ধুনট উপজেলার জে.এল.নং-৭, মৌজা-সরুগ্রাম, এম.আর.আর. খতিয়ান নং-১২৩, দাগ নং- ৯৪, জমির পরিমাণ-২৮ শতক অধিগ্রহণকৃত সম্পত্তির পর্যাপ্ত ক্ষতিপূরণ নির্ধারণপূর্বক ক্ষতিপূরণের টাকা পিটিশনারকে প্রদানের দাবীতে সচিব মহোদয়সহ ৪ (চার) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে পিটিশনারকে পর্যাপ্ত (adequate) ক্ষতিপূরণের টাকা প্রদানের নির্দেশ কেন প্রদান করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। রীট পিটিশন নং ১৪৫৯২/২০১৭ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

২। এমতাবস্থায়, রীটের আরজির আলোকে দফাওয়ারী জবাব (Statement of facts-SF) এবং প্রাসঙ্গিক দলিলপত্র হাইকোর্ট বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : ----- ফর্দ।

(মোঃ আব্দুল ওয়াহাব রাশেদ)  
সিনিয়র সহকারী সচিব (আইন)

৯৫৪০৯৯৫

E mail: [ds1aw1.lgd.gov@gmail.com](mailto:ds1aw1.lgd.gov@gmail.com)

সচিব  
ভূমি মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।